

## বাৎসরিক ওরশ মাহফিল

বগুড়া জেলার শিবগঞ্জ থানাধীন রায়নগর ইউনিয়নের মহাস্থান নামক স্থানে বগুড়া-রংপুর হাইওয়ের পশ্চিম পাশে টিলার উপর মুসলীম শাযক ও ইসলাম ধর্ম প্রচারক সুফী হযরত শাহ সুলতান বলখী মাহিসাওয়ার (রহঃ) এর মাজার অবস্থিত। আদিকাল থেকে তাহার ভক্ত ও অনুসারীগন বাংলা ক্যালেভারের বৈশাখ মাসের শেষ বৃহস্পতিবার তাহার সরনে বাৎসরিক ওরশ মাহফিল পালন করে থাকে। প্রতি বছরের ন্যায় এবারও আগামী ইং ০৯/০৫/২০২৪ খ্রিঃ মাজার প্রাঙ্গনে ওরশ মাহফিল অনুষ্ঠিত হবে। ওরশ মাহফিলে দেশের বিভিন্ন স্থান থেকে ভক্ত অনুরাগী, সাধু সহ দর্শনার্থীদের সমাগম ঘটে। ওরশ মাহফিলকে কেন্দ্র করে মাজার প্রাঙ্গনে খেলনার দোকান, খাবার দোকান, তৈজসপত্রের দোকান, নাগরদোলা সহ অসংখ্য ব্যবসায়ীরা বিভিন্ন পণ্যের পসরা সাজিয়ে বসে। এই দিন ভক্ত অনুসারী দর্শনার্থী ব্যবসায়ী সহ লক্ষাধিক লোকের সমাগমের কারণে মাজার এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও মাদকদ্রব্য বিক্রির সম্ভবনা থাকে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক রাখতে জেলা পুলিশের পাশাপাশি ট্যুরিস্ট পুলিশ বগুড়া জোনের ০১ টি মোবাইল টিম সার্বক্ষনিক অনুষ্ঠানস্থলে নিয়োজিত থাকবে।